



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারকনং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১১.২২- ৬৬৬

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯  
০১ জুন ২০২২

প্রেরকঃ মো: আকবর হোসেন  
উপসচিব  
স্থানীয় সরকার বিভাগ

প্রাপকঃ চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার  
স্থানীয় সরকার বিভাগ  
সিজিএ ভবন (৫ম তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন সংশোধিত বাজেটে "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী খাতে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে চলতি ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" শীর্ষক খোক (কোড নং-২২১০০০৭০০) এর অনুকূলে বরাদ্দকৃত ৫০০.০০ কোটি (পাঁচশত কোটি) টাকা হতে ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী খাতে বরাদ্দকৃত ১০০.০০ কোটি (একশত কোটি) হতে বাংলাদেশ জাতীয় সংসদের ময়মনসিংহ-১১ আসনের আওতাধীন বিভিন্ন ইউনিয়নের উন্নয়নের জন্য ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।


জেলা নাম ও সংসদীয় আসন	মাননীয় সংসদ সদস্যদের নাম	উপজেলার নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	মোট বরাদ্দ (লক্ষ টাকায়)
ময়মনসিংহ-১১	জনাব কাজিম উদ্দিন আহম্মেদ	ভালুকা	৫০.০০	৫০.০০ (পঞ্চাশ লক্ষ)

- ছাড়কৃত অর্থ ময়মনসিংহ-১১ আসনের মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, জনাব কাজিম উদ্দিন আহম্মেদ এর সাথে পরামর্শক্রমে প্রকল্প গ্রহণ এবং এ বিভাগ কর্তৃক জারীকৃত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১, পিপিআর ও সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত এই অর্থ ব্যয় করতে হবে;
- এ ব্যয় ২০২১-২২ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৭০০/৪১১১৩০৪ কোডভুক্ত ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খোক বরাদ্দ খাত হতে মিটানো হবে; ছাড়কৃত অর্থ আইবাস সিস্টেমে উপজেলাওয়ারী ডিডিও অথরাইজেশন এর মাধ্যমে এ এন্ট্রি করা হয়েছে;
- ছাড়কৃত অর্থ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নির্দেশিকা-২০২১ এর ক্রমিক-১৭ অনুযায়ী কৃষি ও ক্ষুদ্র সেচ, বস্তুগত অবকাঠামো এবং আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের জন্য ব্যয় করা যাবে।
- উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি যৌথভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন;
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- উক্ত অর্থ ছাড়করণে অর্থ বিভাগের ০১/০৮/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩১০নং স্মারক, ২৮/১০/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৪১০নং স্মারক, ১৩/০৩/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-৯৪নং স্মারক এবং ১২/০৪/২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৪.২০১১-১৪৪নং স্মারকে সম্মতি রয়েছে।

(মো: আকবর হোসেন)  
উপসচিব  
ফোন: ৯৫১৪১৯০  
[lgup2@lgd.gov.bd](mailto:lgup2@lgd.gov.bd)

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (অ্যেততার ক্রমানুসারে নয়):**

- ১। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ, মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ-১১, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দূ:আ: উপসচিব, বাজেট-১১ শাখা)।
- ৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৬। উপসচিব (বাজেট/ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ১১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), ভালুকা, ময়মনসিংহ।
- ১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ।
- ১৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সকল), উপজেলা-ভালুকা, ময়মনসিংহ।
- ১৭। অফিস কপি।



(মো: আকবর হোসেন)  
উপসচিব